



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।


www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং- ৩৬৮

তারিখ: ২০/০২/১৩

বিজ্ঞপ্তি

এতদ্বারা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন সকল স্কুল ও কলেজের প্রতিষ্ঠান প্রধানদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সামরিক জাদুঘর কর্তৃপক্ষের অনুরোধের প্রেক্ষিতে সংযুক্ত পত্রে উল্লিখিত বাংলাদেশ সামরিক জাদুঘরে শিক্ষা সফরের জন্য সকলের সহযোগিতা কামনা করা হয়েছে।


২০/০২/১৩

ড. মোঃ আশফাকুস সালেহীন

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

ফোন: ৯৬১৫২৩৬(অ)

ইমেইল: ic@dhakaeducationboard.gov.bd

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/প্রতিষ্ঠান প্রধানগণ

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ডের আওতাধীন সকল স্কুল এবং কলেজ।

সংযুক্তি: বাংলাদেশ সামরিক জাদুঘর কর্তৃপক্ষের প্রেরিত পত্র।

ক/৩-বি/৩

প্রোগ্রামিং জ্যুনিয়র সিনিয়র
১৬/১০/১৮-২
১৬/১০/১৮

সীমিত

১৬/১০/১৮

বাংলাদেশ সামরিক জাদুঘর
বিজয় সরণি, ঢাকা

তারালাপনী : ০২-৮৭১১১১১ বর্ধিত-৭৭৭০
Email:milmuseum.bd@gmail.com

২২ মাঘ ১৪২২

২৩.০১.৯০১.৭৮১.০১.২৪৮.০১.০৪.০২.১৬

০৪ ফেব্রুয়ারি ২০১৬

বাংলাদেশ সামরিক জাদুঘরে শিক্ষা সফর প্রসংগে

১। সামরিক বাহিনীর ইতিহাস, ঐতিহ্য, সাফল্য ও উন্নয়নের ক্রমবিকাশকে সংরক্ষণ ও প্রচার করার উদ্দেশ্যে ১৯৮৭ সালে মিরপুর সেনানিবাসের প্রবেশ দ্বারে প্রতিষ্ঠিত হয়েছিল বাংলাদেশ সামরিক জাদুঘর। এ জাদুঘরকে সকল শ্রেণীর দর্শকের নিকট শিক্ষণীয়, আকর্ষণীয় ও চিত্তাকর্ষক করার লক্ষ্যে ১৯৯৮ সালে বিজয় সরণিতে স্থানান্তরিত করা হয়।

২। মহান স্বাধীনতা যুদ্ধের স্মৃতিবিজড়িত বিভিন্ন যুদ্ধ সরঞ্জামাদি, বীরশ্রেষ্ঠদের জীবন বৃত্তান্ত, খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধাদের নামীয় তালিকা, বিভিন্ন প্রকার হাতিয়ারের ক্রমবিকাশ এবং তিনবাহিনীর (সেনা, নৌ ও বিমান বাহিনী) পোশাক, পদবি, র্যাংক-ব্যাজ, মুজিব ব্যাটারী কর্নার, ভেহিক্যাল কর্নার, জাতিসংঘ শান্তি রক্ষায় বাংলাদেশ সেনাবাহিনীর ভূমিকা সম্পর্কিত জাতি সংঘ কর্নার, পার্বত্য চট্টগ্রামে শান্তি রক্ষায় বাংলাদেশ সেনাবাহিনীর ভূমিকা সম্পর্কিত সি এইচ টি কর্নার, মুক্তিযুদ্ধের ডকুমেন্টারী ইত্যাদি এ জাদুঘরে প্রদর্শনের ব্যবস্থা রয়েছে যা আমাদের আগামী প্রজন্মকে স্বাধীনতা, স্বকীয়তা ও স্বদেশ প্রেমের চেতনায় উদ্বুদ্ধ করতে সহায়তা করবে।

৩। নতুন প্রজন্মকে মুক্তিযুদ্ধ এবং সামরিক বাহিনীর বীরত্বপূর্ণ ইতিহাস প্রত্যক্ষ ও শিক্ষা লাভের উদ্দেশ্যে আপনাদের স্কুল/কলেজ/মাদ্রাসা/শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীদের বাংলাদেশ সামরিক জাদুঘরে শিক্ষা সফরের জন্য আমন্ত্রণ জানানো হচ্ছে।

৪। এ বিষয়ে আপনাদের সার্বিক সহযোগীতা একান্তভাবে কাম্য।

মোঃ রেজাউল করিম
লেঃ কর্নেল
পক্ষে পরিচালক

বিতরণ :

বহির্গমন :

কার্যার্থে :

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
বকশি বাজার, ঢাকা

অবগতি :

সেনাসদর, জিএস শাখা (শিক্ষা পরিদপ্তর)
ঢাকা সেনানিবাস

সীমিত